



ভারতের আক্রমণ হলে পাকিস্তানের পাশে দাঁড়াবে সৌদি: খাজা আসিফ



সংগৃহীত ছবি

পাকিস্তানের প্রতিরক্ষামন্ত্রী খাজা মুহাম্মদ আসিফ জানিয়েছেন, নতুন প্রতিরক্ষা চুক্তির ভিত্তিতে ভারত যদি পাকিস্তানে হামলা চালায়, সৌদি আরব ইসলামাবাদের পাশে থাকবে। চুক্তিটি সম্পূর্ণ প্রতিরক্ষামূলক এবং যৌথ প্রতিরক্ষার ভিত্তিতে গঠিত

পাকিস্তানের প্রতিরক্ষামন্ত্রী খাজা মুহাম্মদ আসিফ জিও টিভির সাক্ষাৎকারে বলেন, পাকিস্তান ও সৌদি আরবের মধ্যে স্বাক্ষরিত প্রতিরক্ষা চুক্তির ৫ নম্বর ধারায় যৌথ প্রতিরক্ষার কথা বলা হয়েছে। এর মানে, যদি কোনো দেশের ওপর হামলা হয়, তা চুক্তির অংশীদার সব দেশের ওপর হামলা হিসেবে গণ্য হবে।

আসিফ বলেন, “চুক্তিটি ন্যাটোর মডেল অনুযায়ী তৈরি, অর্থাৎ প্রতিরক্ষামূলক; আক্রমণের সুযোগ এতে নেই। তবে পাকিস্তান বা সৌদির ওপর আক্রমণ হলে আমরা সম্মিলিতভাবে তা প্রতিহত করব।”

১৭ সেপ্টেম্বর স্বাক্ষরিত এই চুক্তির বিস্তারিত শর্ত এখনও প্রকাশিত হয়নি। সৌদি কর্মকর্তারা জানিয়েছেন, চুক্তিতে সামরিক সহযোগিতা এবং সকল প্রয়োজনীয় নিরাপত্তা বিষয় অন্তর্ভুক্ত রয়েছে।

বিশ্বের মুসলিম দেশগুলোর মধ্যে পাকিস্তানের কাছেই পরমাণু অস্ত্র আছে। যদিও অর্থনৈতিকভাবে পিছিয়ে আছে, ৬ লাখ সেনাসমৃদ্ধ পাকিস্তানি বাহিনীকে বিশ্বের শক্তিশালী সেনাবাহিনীর মধ্যে গণ্য করা হয়। অনেক নিরাপত্তা বিশেষজ্ঞ এই চুক্তিকে “সৌদি রিয়াল ও পাকিস্তানি পরমাণু অস্ত্রের সমন্বয়” হিসেবে উল্লেখ করেছেন।

সূত্র: এনডিটিভি ওয়ার্ল্ড